



বেসিক ব্যাংক লিমিটেড

একটি রাষ্ট্র মালিকানাধীন তফসিলি ব্যাংক
(বাংলাদেশ স্মল ইন্ডাস্ট্রিজ এন্ড কমার্স ব্যাংক লিমিটেড)

অর্থ মন্ত্রণালয়-এর আর্থিক প্রতিষ্ঠান বিভাগের পত্র সূত্র নং-৫৩.০০.০০০০.২৩৪.২২.০০২.২২.১৩১ তারিখঃ
১১.০৯.২০২২ মোতাবেক তথ্য অধিকার বিষয়ে ২০২২-২৩ অর্থ বছরের
বেসিক ব্যাংক লিমিটেডের কর্মপরিকল্পনা

[১.১] তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তিঃ

কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক বেসিক ব্যাংক সংশ্লিষ্ট কোন তথ্য চাওয়ার ক্ষেত্রে নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি নিশ্চিত করা হচ্ছে; যা বহাল রাখার জন্য বেসিক ব্যাংক সর্বদা সচেষ্ট থাকবে।

[২.১] স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশঃ

বর্তমানে স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য ব্যাংকের সকল তথ্য ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে এবং তা নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা হালনাগাদ করার প্রয়োজনীয়তা নিরীক্ষার জন্য সভা আহ্বান করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ব্যবস্থা গ্রহণ করা হবে।

[১.৩] বার্ষিক প্রতিবেদন প্রকাশ

বেসিক ব্যাংকের বার্ষিক প্রতিবেদন ব্যাংকের ICT বিভাগের মাধ্যমে যথাসময়ে ওয়েবসাইটে আপলোড করা হচ্ছে।

[১.৪] তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ৫ অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ইনডেক্স তৈরি/ হালনাগাদকরণঃ

তথ্য অধিকার বিষয়ে ব্যাংকের বিভিন্ন বিভাগের তথ্যের ক্যাটাগরি ও ইনডেক্স [data categorization] বেসিক ব্যাংকের সকল বিভাগ, ইউনিট, সেল এর মাধ্যমে তৈরি/হালনাগাদ করা হবে।

[১.৫] তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণঃ

তথ্য অধিকার আইন ও বিধিমালা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণে প্রচারপত্র বেসিক ব্যাংকের বিভিন্ন Banking Product - Leaflet-এর সুবিধাজনক স্থানে মুদ্রনের ব্যবস্থা নেওয়া হবে। তথ্য অধিকার আইন ও বিধিমালা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণে শাখা পর্যায়ে অংশীজনের অংশগ্রহণে সভা, সেমিনার ও কর্মশালা আয়োজন করা হবে।



পৃষ্ঠা-১/২

[১.৬] তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা ,প্রবিধানমালা ,স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাসহ সংশ্লিষ্ট বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের/ প্রশিক্ষণ আয়োজনঃ

তথ্য অধিকার আইন ২০০৯ ও এর বিধিমালা ,প্রবিধানমালা ,স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাসহ সংশ্লিষ্ট বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের কমপক্ষে ৩ (তিন) টি প্রশিক্ষণ আয়োজনে ইতোমধ্যে বেসিক ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউটকে পত্র মারফত অনুরোধ করা হয়েছে।

উল্লেখ্য যে, গত ৩০.১০.২০২২ তারিখে তথ্য অধিকার আইন-২০০৯ বিষয়ে ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের একটি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে; যেখানে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের উপসচিব জনাব মিনাক্ষি বর্মণ Speaker হিসাবে উপস্থিত ছিলেন।

[১.৭] তথ্য অধিকার সংক্রান্ত প্রত্যেকটি ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ে ওয়েবসাইটের তথ্য অধিকার সেবাবন্ডে প্রকাশঃ

তথ্য অধিকার সংক্রান্ত প্রত্যেকটি ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন ব্যাংকের ICT বিভাগের মাধ্যমে ওয়েবসাইটের তথ্য অধিকার সেবা বন্ডে প্রকাশ করা হচ্ছে।



A handwritten signature in blue ink, located to the right of the stamp.